গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
Email: dgdncbd@gmail.com, Website : www.dnc.gov.bd
ফ্যাক্স: ৮৮০২-৮৮৭০০১০।

স্মারক নং- ৪৪.০৪.০০০০.০০৭.০৬.০০২.১৪- ৬৪২ (৮০)

তারিখ: ১৬ অগ্রহায়ণ, ১৪২২
৩০ নভেম্বর, ২০১৫

বিষয় ঃ শিক্ষাপ্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতাবৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ কর্মসূচিতে প্রয়োজনীয় উপকরণ ও কারিগরী সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ১৮-১১-২০১৫ তারিখের স্মারক নং-৩৭.০২.০০০০. ১১৬.৩১.০০৬. ১৫/৩৭১ মূলে জারিকৃত অফিস আদেশ মোতাবেক মাধ্যমিক ও উচ্চশিক্ষায় অধিদপ্তরের আওতাধীন দেশের সকল সরকারি বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় ছাত্র-ছাত্রীদের মধ্যে মাদকের অপব্যবহার রোধে সচেতনতা ও উদ্বুদ্ধকরণের নিমিত্ত আয়োজিত সকল কর্মসূচিতে প্রয়োজনীয় উপকরণ ও কারিগরী সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর হতে জারিকৃত অফিস আদেশের ছায়ালিপি এতদ্‌সংগে সংযুক্ত করা হলো।

সংযুক্ত - ০১ পাতা।

৩০/১১/১৫
(নাজমুল আহসান মজুমদার)
পরিচালক(নিরোধ শিক্ষা)
ফোনঃ ৮৮৭০০৪০।

বিতরণ ঃ

১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল অঞ্চল/গোয়েন্দা শাখা, ঢাকা।
২। উপ- পরিচালক/ সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম মেট্রো উপ-অঞ্চল/জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ... ।
৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
(সংযুক্ত পত্রসহ ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ

১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা।
৫। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল গোয়েন্দা অঞ্চল।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৩৭.০২.০০০০.১১৬.৩১.০০৬.১৫/৮৭৭ | তারিখঃ ৭/১১/২০১৫খ্রিঃ

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্ত ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দেশের সকল সরকারি বেসরকারি স্কুল, মাদ্রাসায় ছাত্র-ছাত্রীদের মধ্যে মাদকের অপব্যবহার রোধে সচেতনতা ও উদ্বুদ্ধকরণের জন্য নিম্নরূপ কর্মসূচী গ্রহণ করতে:

১) ডিসেম্বর ২০১৫ সময়ের মধ্যে যে সকল প্রতিষ্ঠানে কমিটি গঠিত হয়নি, সে সকল সরকারি-বেসরকারি স্কুল, কলেজ ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট নিম্নরূপ মাদক বিরোধী কমিটি গঠন করতে হবে।

সভাপতি	:	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান
সদস্য	:	শিক্ষক প্রতিনিধি
সদস্য	:	অভিভাবক প্রতিনিধি
সদস্য	:	ছাত্র প্রতিনিধি
সদস্য সচিব	:	ক্রীড়া শিক্ষক/শারীরিক প্রশিক্ষক

২) শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদক বিরোধী কমিটি প্রতিমাসে সুবিধামতে সময়ে কমপক্ষে একবার সভা আহবান করবেন। সভায় সদস্যগণ আলোচনাক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রতি মাসের প্রথম সপ্তাহে একটি এবং তৃতীয় সপ্তাহে একটি উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করবেন। উক্ত সভায় ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের উপস্থিত থাকার আহবান জানাতে হবে। উক্ত কমিটি পূর্ববর্তী সভায় গৃহীত কার্যক্রমের বাস্তবায়নের বিষয়ে মূল্যায়ন করবেন এবং মূল্যায়ন প্রতিবেদন প্রতিষ্ঠানের প্রধানের নিকট দাখিল করবেন। সেই সাথে পুণরায় পরবর্তী কর্মসূচী প্রণয়ন করবেন, যা চলমান প্রক্রিয়া হবে।

৩) ছাত্র-ছাত্রীদের পাঠ দানের তালিকায় মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব তুলে ধরে পাঠ্য বিষয় সংযোজন ও এ বিষয়ে ক্লাশ নেয়াসহ মনিটরিং ও ফলোআপ করার জন্য প্রতিষ্ঠান ভিত্তিক একজন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে।

৪) সকল শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাস এলাকার মাদ্রকদ্রব্যের ক্ষতিকর দিক তুলে ধরে মাদক বিরোধী প্রচারনার উদ্যোগ এবং এ লক্ষ্যে আগামী ৩১শে ডিসেম্বর ২০১৫ এর মধ্যে ক্যাম্পাস এলাকার মাদক বিরোধী স্থায়ী ব্যানার, ফেস্টুন স্থাপন ও পোস্টার লাগানো এবং নিয়মিতভাবে ছাত্র ছাত্রীদের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে ষ্টিকার, বুকলেট ও লিফলেট বিতরণ।

৫) দৈবচয়নের মাধ্যমে ডোপ টেষ্ট ও নিয়মিত মনিটরিং এর মাধ্যমে মাদকাসক্ত ছাত্র-ছাত্রীদের চিহ্নিত করা এবং অভিভাবকদের সংশ্লিষ্টতায় তাদের চিকিৎসার ব্যবস্থা গ্রহণ ও এ ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের মধ্যে আসক্তি নিবৃত্তকরণে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ। (উচ্চ শ্রেণীতে উন্নীতকরণ বন্ধ রাখা থেকে বহিস্কার পর্যন্ত হতে পারে)। যা প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট কমিটি নির্ধারণ করবেন।

৬) প্রতিষ্ঠান প্রধান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিকটবর্তী অফিস থেকে বর্ণিত উপকরণসহ কারিগরী সহায়তা গ্রহণ করতে পারবেন।

৭) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো, যা পত্র জারির তারিখ থেকে কার্যকর হবে। বিষয়টি অতীব জরুরী।

প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট (সকল), সরকারি-বেসরকারি কলেজ, স্কুল ও মাদ্রাসা।
৩. উপ-পরিচালক (অঞ্চল)/জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (অফিস আদেশটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
৫. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
৬. অফিস কপি।